



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৪১.০০১.২০.২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: কোনো শিক্ষা প্রতিষ্ঠানের একাদশ শ্রেণিতে "ভর্তি চলছে" মর্মে বিজ্ঞপ্তি প্রচার না করা প্রসঙ্গে

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে যে, কোনো কোনো প্রতিষ্ঠান সামাজিক যোগাযোগ মাধ্যম, পোস্টার, লিফলেট ইত্যাদি মাধ্যম ব্যবহার করে নিজ নিজ প্রতিষ্ঠানে ভর্তির জন্য বিজ্ঞপ্তি প্রচার করছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একাদশ শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষা বর্ষে ভর্তির নীতিমালা অনুসারে কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থীর মেধা ও পছন্দের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে। ভর্তি কার্যক্রম শুরু হবার পর শিক্ষার্থীকে শুধুমাত্র অনলাইনে নির্ধারিত ওয়েবসাইটে আবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের সাথে আবেদন দাখিলের কোনো সম্পর্ক নেই। কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে "ভর্তি চলছে" মর্মে বিজ্ঞপ্তি প্রচার করা শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন এবং দণ্ডযোগ্য অপরাধ।

ফলে, এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানকে এরূপ কোনো মাধ্যমে কোনো বিজ্ঞপ্তি প্রচার না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৭-৬-২০২০

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১-৬৮৬৩৮

ইমেইল: ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়